

ঙ. প্রশিক্ষণ ও প্রকাশনা শাখা

কর্মদক্ষতা বৃদ্ধি, সুষ্ঠু ব্যবস্থাপনা, আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে কাজের গুণগতমান উন্নয়নের জন্য এবং সংস্থার কর্মকাণ্ড, গুরুত্ব ও পরিচিতি সংশ্লিষ্ট জনসাধারণের মাঝে তুলে ধরার উদ্দেশ্যে প্রশিক্ষণ ও প্রকাশনা শাখা আবশ্যিক। এজেন্সীর কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বীজ প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণকে প্রাধান্য দিয়ে পাশাপাশি কম্পিউটার ও আইসিটি প্রশিক্ষণ, অফিস প্রশাসন ও ব্যবস্থাপনা এবং হিসাব বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা রাখা হয়েছে। এই শাখার তত্ত্বাবধানে সংস্থার স্ট্যাটিক ওয়েবসাইটটিকে ডায়নামিক ওয়েবসাইটে রূপান্তরিত করা হয়েছে।

কৃষক পর্যায়ে মানসম্পন্ন বীজ উৎপাদনকে ত্বরান্বিত করার উদ্দেশ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের কৃষি সম্প্রসারণ কর্মকর্তা এবং উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের জন্য এ প্রতিষ্ঠান থেকে বীজ প্রযুক্তি ও বীজ আইন বিষয়ক প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।


জাতীয় প্রচার মাধ্যম বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশন/চ্যানেল আই-এর কৃষি বিষয়ক কার্যক্রম এবং বীজ প্রযুক্তি মেলায় অংশগ্রহণের মাধ্যমে প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ বীজ উৎপাদনের উন্নত কলাকৌশল, বীজের মান নিয়ন্ত্রণ, সহজ উপায়ে বীজমান পরীক্ষা, মাঠে বীজ ফসলের পরিচর্যা সহ বিভিন্ন বিষয় প্রচারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন। এ ছাড়া প্রশিক্ষণ ও প্রকাশনা শাখার তত্ত্বাবধানে একটি লাইব্রেরী রয়েছে।

বীজ প্রত্যয়ন এজেন্সী'র, ২০১১-২০১২ আর্থিক বছরের স্থানীয় প্রশিক্ষণ ও প্রকাশনা

প্রশিক্ষণ কর্মসূচীর নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সীর নাম	অংশগ্রহনকারীর সংখ্যা
Cereal Seed Processing and Preservation	০৯-১১ জানুয়ারি/১২	এইসি/ডানিডা	৩ জন ১ম শ্রেণির কর্মকর্তা
Agricultural Environment	১০-১২ জানুয়ারি /১২	সার্ভি গাজীপুর (নাটা প্রকল্প)	২ জন ১ম শ্রেণির কর্মকর্তা
Training Course on Administrative Management	১৭-১৯ জানুয়ারি /১২	সার্ভি গাজীপুর (নাটা প্রকল্প)	২ জন ১ম শ্রেণির কর্মকর্তা
Training Course on Financial Management	১৭-১৯ জানুয়ারি /১২	সার্ভি গাজীপুর (নাটা প্রকল্প)	১ জন ১ম শ্রেণির কর্মকর্তা
৫০তম বুনিয়াদি প্রশিক্ষণ	১ জানুয়ারি থেকে ২৯ এপ্রিল/২০১২	বিপিএটিসি সাভার, ঢাকা	১ জন ১ম শ্রেণির কর্মকর্তা
Vegetable Seed Processing & Preservation	১২-১৪ মার্চ/২০১২	এসআইডি, কৃষি মন্ত্রণালয়, ঢাকা	৩ জন ১ম শ্রেণির কর্মকর্তা
Computer Fundamentals Course	০৫-২৫ মার্চ ২০১২	সার্ভি গাজীপুর (নাটা প্রকল্প)	৪ জন ১ম শ্রেণির কর্মকর্তা
Seed Technology Training Course	১২-১৫ মার্চ/২০১২	সার্ভি গাজীপুর (নাটা প্রকল্প)	২ জন ১ম শ্রেণির কর্মকর্তা
Post Graduate Certificate Course in Seed Technology	০১লা এপ্রিল ২০১২ থেকে ৪ মাস	পল্লী উন্নয়ন একাডেমী বগুড়া	১ জন ১ম শ্রেণির কর্মকর্তা
Disaster Management Training Course	১১-১৩ এপ্রিল/১০	সীড কোয়ালিটি কন্ট্রোল প্রজেক্ট	১ জন ১ম শ্রেণির কর্মকর্তা
৪র্থ শ্রেণির কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ কর্মসূচী	১৬-১৭ মে/২০১২	এসসিএ, গাজীপুর	১৫ জন ৪র্থ শ্রেণির কর্মচারী
৩য় শ্রেণির কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ কর্মসূচী	২০-২১ মে/২০১২	এসসিএ, গাজীপুর	৩৮ জন ৩য় শ্রেণির কর্মচারী
Seed Quality Management	২১-২৩ মে/২০১২	বিএআরসি, ঢাকা	৫ জন ১ম শ্রেণির কর্মকর্তা
বীজ প্রত্যয়ন বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স	২৭-২৯ মে/২০১২	এসসিএ, গাজীপুর	২০ জন ১ম শ্রেণির কর্মকর্তা
বীজ প্রত্যয়ন বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স	২৭-২৯ মে/২০১২	এসসিএ, গাজীপুর	১৭ জন ১ম শ্রেণির কর্মকর্তা

প্রকাশনার শিরোনাম/নাম	প্রকাশক	প্রকাশনা সংখ্যা
বার্ষিক প্রতিবেদন ২০১০-১১	বীপ্রএ	৫০০
জাতীয় বীজ বোর্ডের কার্যাবলীর প্রতিবেদন (পঞ্চম সংখ্যা)	বীপ্রএ	৫০০

প্রশিক্ষণ ও প্রকাশনা শাখার সচিত্র প্রতিবেদন



এগ্রোবাংলাদেশ ফেয়ার-২০১২ এসসিএ'র স্টলে মাননীয় কৃষিমন্ত্রী



কৃষকদের মাঝে মানসম্পন্ন বীজ বিতরণ কার্যক্রম, ২০১৩



বীজ ফসলের মাঠ পরিদর্শন ও প্রত্যয়ন শীর্ষক প্রশিক্ষণ কার্যক্রম।



বীজের মান নিয়ন্ত্রণ এবং বীজ আইন ও বিধি শীর্ষক প্রশিক্ষণ কার্যক্রম



বীজ পরীক্ষণ শীর্ষক প্রশিক্ষণ কার্যক্রম



আইসিটি বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম